THE PROGRESS ACADEMY

Reg. No. : IV 190200185

Boarding & Day Boarding

A unique Institute of Ideal Education from "Play House to Class X" under (WBBSE)

Birshibpur, Uluberia, Howrah

Organised by : Khanjadapur The Progress Welfare & Educational Trust

PROSPECTUS 2027



Progress is the way of Success

Conducted by :

Khanjadapur The Progress Welfare & Educational Trust

Reg. No. : IV 190200185

Regd. Office : Khanjadapur, Birshibpur, Uluberia, Howrah

Mobile : 6290042847, 8585850314

Email : info@theprogressacademy.org

Website : www.theprogressacademy.org

"The Childhood Shows the Man, As morning Shows the day" – John Miltan.

সম্পাদকের পক্ষ হতে



Surely Allah does not change the condition of those Nation, untill they change themself — Al Quran

উল্লেখিত এই অমোঘ বাণীকে স্মরণে রেখে নিজেদের পরিবর্তনকে ত্বরান্বিত করতে — ব্যক্তি সমাজ ও দেশ এগিয়ে চলার লক্ষ্যে সদা সচেষ্ঠ। বলাবাহুল্য যে, এই লক্ষ্যে শিক্ষা অর্জনের গুরুত্ব সর্বজন স্বীকৃত।

তাই পৃথিবীর বিবর্তনের সাথে সাথে — শিশু শিক্ষা পদ্ধতির বিকাশ ঘটে চলেছে পর্যায়ক্রমে। আজকের শিশু আগামী দিনের যোগ্য, আদর্শবান নাগরিক। কবির ভাষায় — "ঘুমিয়ে আছে শিশুর পিতা সব শিশুরই অন্তরে"। তাই শিশু শিক্ষা প্রসারে মনোযোগ বিশেষ কাম্য, বিষয়টি সমাজে উপলব্ধ, তাই গুরুত্বও সর্বাধিক। কিন্তু সুনির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্যকে ফলপ্রসু করতে উপযুক্ত ব্যবস্থা, পরিকাঠামো সর্বপরি মানসিকতার দৈন্যতা এক বড় অন্তরায়। সুনাম অর্জন বা আর্থিক সমাগমের পথ হিসাবে গঠিত শিক্ষা প্রতিষ্ঠানগুলি সমাজে কিছু ইতিবাচক ফল প্রদান করলেও সঠিক মূল্যায়ণে আশার আলো ম্রিয়মান।

বিষয়টি আমার ব্যক্তিগত জীবনে, একজন শিক্ষা সচেতন ব্যক্তি হিসাবে—হতাশায় দ্বারে ঠেলে দিলেও পুনরায় আশার আলো বুকে নিয়ে নতুন প্রয়াসেও নতুন আঙ্গিকে—এক প্রতিষ্ঠান গড়ার প্রচেষ্টার সার্থক রুপ 'দ্যা প্রোগ্রেস একাডেমী।

বর্তমান প্রেক্ষাপটে **ইংরাজী ভাষা শিক্ষার গুরুত্ব সম্পর্কে সম্যক ধারনা স্বত্বেও ইংরাজী মাধ্যম স্কুলে যাওয়ার সামর্থ না থাকার সমস্যাকে সামনে রেখে, উক্ত ভাষা শিক্ষার সর্বাধিক গুরুত্ব প্রদান সহ ইংলিশ এনভায়রণমেন্টে শিশুর মেধা বিকাশের ব্যবস্থা গ্রহণ পূর্বক**—অভিভাবকদের সাধ ও সাধ্যের মেল বন্ধন ঘটাতে আমরা বদ্ধ পরিকর।

২০২৬ শিক্ষাবর্ষ থেকে আবাসিক ও অর্ধ আবাসিক ব্যবস্থার সংযোজন-প্রতিষ্ঠানের গ্রহণ যোগ্যতার ক্ষেত্রে এক সফল পদক্ষেপ। যোগ্য ও প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক / শিক্ষিকার তত্ত্বাবধানে এই প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়ণ ও প্রত্যাশা পূরণে আমাদের এই ক্ষুদ্র প্রয়াস সকলের সহমর্মিতার সাথে সহযোগিতাকে পাথেয় করে হয়ে উঠুক যথার্থই সার্থক। পরম শ্রষ্ঠার কাছে এই মিনতি হয়ে উঠুক গ্রহণযোগ্য।

ধন্যবাদান্তে —

সেখ আনোয়ারুল হক

সম্পাদক-দ্যা প্রোগ্রেস একাডেমী

"ন্যায় হোক সমাজের ভিত্তি, সততা হোক চরিত্রের পরিচয়,
আর মানব সেবা হোক আমাদের অঙ্গিকার"।

সংখ্যা নয় উৎকর্ষতা বৃদ্ধির লক্ষ্যে আমাদের কর্মসূচী



১। প্রতিটি ক্লাস বা সেকশনে ২০ জনের মধ্যে ছাত্রছাত্রীর সংখ্যা নির্দিষ্ট রাখার লক্ষ্যে ক্লাস রুমের সংখ্যা বাড়ানোর টার্গেট পূর্ণতা পেয়েছে।

২। শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ছাত্রছাত্রী ও শিক্ষক শিক্ষিকা সংখ্যার অনুপাত ১৫:১ রাখার পদক্ষেপ সার্থক হয়েছে।

৩। শান্ত ও স্বাস্থ্যকর পরিবেশ ও প্রশস্থ শ্রেণী কক্ষ শিক্ষার জন্য অপরিহার্য। এই প্রয়োজন রুপায়নে আমাদের প্রয়াস সার্থকতার দাবি রাখে।।

৪। বিভিন্ন উপকরণের সমাহারে (TLM) পঠন পাঠনে মনোযোগ সৃষ্টির নিরলস প্রচেষ্টা চালু থাকবে।

৫। বিষয় ভিত্তিক জটিল বিষয়কে সহজবোধ্য করতে Projector-এর মাধ্যমে শিক্ষা প্রদানের ক্ষেত্রে আমাদের সফল প্রয়াস নজর কেড়েছে।

৬। স্মার্ট ক্লাসের মাধ্যমে ছাত্রছাত্রীদের শিক্ষার গতি ত্বরান্বিত করতে আমরা দৃঢ় প্রতিজ্ঞ।

৭। শৃঙ্খলা (Discipline) রক্ষার ক্ষেত্রে কঠোর পদক্ষেপ গ্রহনে অভিভাবকদের সহযোগীতা পাথেয় করে এগিয়ে যাওয়ার লক্ষ্যে আমরা প্রতিশ্রুতি বদ্ধ।

৮। বাংলা মাধ্যম স্কুলে ইংলিশ এনভায়রনমেন্ট গড়ার ক্ষেত্রে আমরা অগ্রনী ভূমিকায় অবস্থান করছি।

৯। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা ও মধ্যশিক্ষা পর্ষদের সিলেবাস অনুসরণের সাথে CBSE, ICSE বোর্ডের পুস্তকের প্রনয়ণ, ও সেই লক্ষ্যে শিক্ষক/শিক্ষিকা নিয়োগের ফলে শিক্ষা ব্যবস্থায় এক নতুন দিগন্ত সৃষ্টি হয়েছে।

১০।নৈতিক মূল্যবোধ সৃষ্টির লক্ষ্যে আরবি ও সংস্কৃতি ঐচ্ছিক বিষয় হিসাবে সংযোজন যা সকলের প্রয়োজন পূরণে সক্ষম হয়েছে।

১১।CCTV ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক নজর দারি।







"Read in the name of your Lord who created" — Al Quran

From the Desk of Teacher-in-Charge

Education is the backbone of a Nation. No nation can make progress without education. It is said in Quran “surely Allah doesnot change the conditon of a nation untill they do not try to change theirselves.” And it is universal truth behind the progress of human being.

Education is the most important factor of the lives of children life as they are the future citizen of a nation. Education exposes children to new ideas and helps them to make a path to a career. Education also builds the overall personality.

Every guardian has a dream of a better future for their child but it is not possible always to fulfill those dreams. To accomplish this dream dedicated teachers, suitable environment and proper plannings are needed. **THE PROGRESS ACADEMY** will provide you all in one. Here you can get a perfect educational atmosphere for your child. Our school provides not only bookish education but also a childs mental and physocal development. Briefly we make a perfect personality of our students. To achieve this ambition we require your support, our dedication and the blessings of almighty Allah.





২০২৭ শিক্ষাবর্ষে গৃহীত পদক্ষেপ

১) ছাত্রছাত্রীদের উপস্থিতি ও অবস্থান সম্পর্কিত যে কোন তথ্য, যে কোন সময় ও যে কোন পরিস্থিতিতে অভিভাবক মণ্ডলীর দৃষ্টি গোচরে রাখতে অত্যাধুনিক প্রযুক্তি করার ব্যবস্থা ২০২৭ শিক্ষাবর্ষ থেকে গৃহীত হবে।

২) ২০২৭ শিক্ষাবর্ষ থেকে অন্যান্য শ্রেণী সহ বিশেষ ভাবে নবম ও দশম শ্রেণির ছাত্র-ছাত্রীদের হাতে কলমে শিক্ষা প্রদানের লক্ষ্যে সায়েন্স ল্যাব চালু করা।

৩) কম্পিউটার প্রশিক্ষণের জন্য চলমান কম্পিউটার ল্যাবকে আরো উন্নত মানের করার লক্ষ্যে যাবতীয় পদক্ষেপ গৃহীত হবে।

৪) হোস্টেল বিল্ডিংয়ের পরিধি বৃদ্ধি ও স্বাছন্দতা বৃদ্ধি করা আমাদের ২০২৭ শিক্ষাবর্ষের অঙ্গিকার।

“জ্ঞান সম্পদ অপেক্ষা উত্তম, কারণ জ্ঞান তোমাকে রক্ষা করে।
আর সম্পদকে রক্ষা করতে হয় তোমাকে” — হযরত আলি (রাঃ)

এক ঝলকে আমাদের বৈশিষ্ট্য



১) বিষয় ভিত্তিক সুশিক্ষিত ও প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা মন্ডলীর তত্ত্বাবধানে শিক্ষাপ্রদান।

২) যুগোপযোগী ব্যক্তিত্ব গঠনের লক্ষ্যে ইংলিশ ইনভায়রনমেন্টে শিশুর বিকাশ।

৩) দ্বিতীয় শ্রেণী থেকেই কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে সময়ের সাথে ব্যক্তিত্বের বিকাশ অব্যহত রাখা।

৪) নৈতিক মূল্যবোধকে জাগরিত করার লক্ষ্যে পাঠ্যসূচী নির্দ্ধারণ ও কর্মসূচী প্রণয়ন করা।

৫) শিক্ষা সহায়ক প্রযুক্তির মাধ্যমে (Digital Learning by the use of projector) শিক্ষা প্রদানের সুব্যবস্থা।

৬) প্রতি মাসে Student Developement Counciling -এর ব্যবস্থা।

৭) দূষণমুক্ত ও স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখার ক্ষেত্রে অঙ্গিকার বদ্ধ।

৮) আলো ও হাওয়ার পর্যাপ্ত যোগান সমৃদ্ধ প্রশস্থ শ্রেণী কক্ষ।

৯) খেলাধূলা ও শরীরচর্চার পর্যাপ্ত ব্যবস্থা।

১০) ছাত্র/ছাত্রীদের আবৃত্তি, গান, নাটক, ইত্যাদি প্রশিক্ষণের মাধ্যমে সংস্কৃতিবান ও মননশীলতার বিকাশ সাধন।

১১) পর্যায়ক্রমিক মূল্যায়ণের মাধ্যমে ছাত্র/ছাত্রীদের উন্নতির ধারা পর্যবেক্ষণ পূর্বক ত্বরান্বিত করা।

১২) দশম শ্রেণী পর্যন্ত শিক্ষা ব্যবস্থা প্রণয়নের মাধ্যমে অভিভাবকদের অতিরিক্ত দুশ্চিন্তা মুক্ত করন।

১৩) হাতে কলমে শিক্ষাপ্রদান করার লক্ষ্যে প্রয়োজনীয় সরঞ্জাম সহ ল্যাবের ব্যবস্থা করা আমাদের অঙ্গিকার।

১৪) বিদ্যালয়ের নিয়মানুবর্তিতা (Discipline) কঠোর ভাবে নিয়ন্ত্রণের মাধ্যমে শৃঙ্খলা পরায়ণ ও মননশীল ব্যক্তিত্ব গড়ার প্রয়াস।

১৫) বাৎসরিক অনুষ্ঠানে অংশগ্রহণের লক্ষ্যে ছাত্র/ছাত্রীর বিশেষ প্রশিক্ষণ প্রদান।

১৬) CCTV দ্বারা সার্বক্ষণিক নজরদারি।

১৭) পরিশুদ্ধ পানীয় জলের যোগান।

১৮) প্রশিক্ষণের মাধ্যমে প্রতিযোগীতার যোগ্য করে তোলা।

১৯) পঞ্চম শ্রেণী থেকে ক্যারাটে প্রশিক্ষণের সুব্যবস্থা।







"যে ব্যক্তি জ্ঞান অর্জনের জন্য কোনো পথে চলে, আল্লাহ তার জন্য জান্নাতের পথ সহজ করে দেন।"— সহিহ মুসলিম

শিক্ষাই জাতির মেরুদণ্ড



"শিক্ষা" এবং "জাতি" এই দুটি শব্দই অতি গুরুত্বপূর্ণ। সর্বাধিক মজার ব্যাপার হল, এই দুটি শব্দের অর্থ অনেকের কাছেই পরিষ্কার নয়, না-বলা যেতে পারে বোধগাম্য নয়। বেশিরভাগ মানুষই জাতি এবং ধর্মকে একই অর্থে বা একই পরিভাষায় ব্যবহার করে থাকেন। শিক্ষা শব্দটির ক্ষেত্রেও একই ভুলের পুনরাবৃত্তি লক্ষ্য করা যায়। এবার আসা যাক শব্দ দুটির বিশ্লেষণে।

শিক্ষা ঃ শিক্ষা অনেক ধরণের হয়, তা' সত্ত্বেও বলা যায় যে, শিক্ষা মুলত দুই ধরণের- (১) পুঁথিগত শিখা (বিদ্যা), এবং (২) ব্যবহারিক শিক্ষা (বিদ্যা)। বিদ্যালয়ে গিয়ে পুঁথির মাধ্যমে যে শিক্ষা অর্জন করা হয়, তা' পুঁথিগত বিদ্যা বা পুঁথিগত শিক্ষা নামে পরিচিত। আবার বিদ্যালয়ে গিয়ে বা না গিয়েও একজন মানুষ ব্যবহারিক শিক্ষায় শিক্ষিত হতে পারে অনায়াসেই। তাই, বিদ্যালয়ে যাক বা না যাক, কোন মানুষকেই মূর্খ বলা যাবে না; কারণ, কারো পুঁথিগত বিদ্যা না থাকলেও ব্যবহারিক শিক্ষায় শিক্ষিত মানুষ ব্যবহারিক শিক্ষায় দুর্বল হতেই পারেন। তাছাড়া শিক্ষার কোন বয়স বা সীমাও নেই। শিক্ষাবিদরা বলে থাকেন, "Education has no boundary" তাই কোন শিক্ষাই কারো কাছে ব্রাত্য নয়; ঠিক তেমনি ভাবে কোন বিশেষ শিক্ষা কোন বিশেষ ব্যক্তি বা জাতির জন্য সীমাবদ্ধ হতে পারে না।

জাতি ঃ জাতি এবং ধর্ম শব্দ দুটি সম্পূর্ণ আলাদা অভিব্যক্তি সূচক। একটি জাতির ভেতরে যেমন থাকতে পারে অসংখ্য ধর্ম; অনুরুপ ভাবে একটি ধর্মের অন্তর্গত হতে পারে একাধিক জাতি । উদাহরন হিসেবে বলা যায়, বাঙালি একটি জাতি এবং হিন্দু, ইসলাম, খ্রিষ্টান এক একটি ধর্ম। বাঙালি একটি জাতি; এই বাঙালি জাতির ভেতরে রয়েছে অসংখ্য ধর্ম। বাঙালিদের মধ্যে অনেকেই সনাতন ধর্মের অনুরাগী; অনেকেই ইসলাম ধর্মের অনুরাগী, অনেকেই খ্রিষ্টান বা বৌদ্ধ দর্মের অনুরাগি। তাই দেখা যাচ্ছে যে, বাঙালি জাতির ভেতরে রয়েছে একাধিক ধর্ম। অনুরূপ ভাবে, একটি ধর্মের অন্তর্গত থাকতে পারে অসংখ্য জাতি। যেমন, ইসলাম একটি ধর্ম; ইসলামের অন্তর্গত রয়েছে অসংখ্য জাতি। বাংলার একজন বাঙালি যখন ইসলামকে ধারণ করে, তখন তিনি জাতিতে বাঙালি এবং ধর্মে ইসলাম বা মুসলমান। প্রসঙ্গত উল্লেখ্য যে, ইসলামের অনুগামীরা মুসলমান নামে পরিচিত। একজন ব্রিটিশ যখন ইসলাম ধারণ করেন, তখন তিনি হবেন, জাতিতে ব্রিটিশ কিন্তু ধর্মে ইসলাম বা মুসলমান।

শিক্ষা বা জ্ঞান অর্জনের উপর সকল মনীষীই অধিক গুরুত্ব আরোপ করেছেন। বিশ্বের সর্বকালের সর্ব শ্রেষ্ঠ মানুষ হযরত মুহাম্মদ (ছঃ) জ্ঞান অর্জনের উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করেছেন। তিনি বলেছেন, "জ্ঞান অর্জনের জন্য যদি চীন দেশে যেতে হয়, তাও যেতে হবে"। যে জাতি যত বেশি শিক্ষিত বা জ্ঞানী হবে, সে জাতি ততো বেশি প্রগতিশীল এবং অগ্রগতি সম্পন্ন জাতিতে পরিণত হবে। ব্যবহারিক শিক্ষা সকল ক্ষেত্রেই বেশি মূল্যবান, তবে পুঁথিগত ব্যবহারিক বিদ্যা অঙ্গাঙ্গী ভাবে সম্পর্ক যুক্ত; একটি ছাড়া অপরটি প্রতিবন্ধী।

তাই কথান্তে উল্লেখ করতে চাই যে, "The Progress Academy" ধীরে ধীরে পুঁথিগত এবং ব্যবহারিক, উভয় শিক্ষার কেন্দ্র বিন্দু হিসেবে শুধু বীরশিবপুর বা হাওড়া জেলা নয়; গোটা বঙ্গে শিক্ষা বিস্তারের কেন্দ্র বিন্দুতে পরিণত হোক। ছড়িয়ে দিক তার শিক্ষার দ্যুতি দিক দিগন্তে এই কামনা করি।

শুভেচ্ছান্তে —

আমজাদ হুসাইন

সহকারী অধ্যাপক, ইতিহাস বিভাগ

মাথাভাঙ্গা কলেজ, কোচবিহার

"Seek Knowleedge, build chracter, and Serve humanity"

OUR SECONDARY FACULTIES

1. Manas Roy (Teacher-in-charge)	—	B.A. Hons (Geo) D.El.Ed.
2. Sk N. Bari (Asst. Teacher-in-charge)	—	M.A (Arabic), B.A. (Bengali) D.El.Ed, B.Ed.
3. Mehdi Hasan Mondol (Asst. Teacher)	—	B.A. Hons (Bengali), M.A, D.El.Ed.
4. Sukesh Mondal (Asst. Teacher)	—	B.A. Hons (Geo), D.El.Ed.
5. Sk Sahalom (Asst. Teacher)	—	B.Sc. Hons (Math)
6. Sk. Towsik Akram (Asst. Teacher)	—	M.A. (English)
7. Umar Faruk (Asst. Teacher)	—	B.A Hons. (English), D.El.Ed.
8. Sk. Saifuddin Rahaman (Asst. Teacher)	—	M.Sc. (Chemist), B.Ed.
9. Subhankar Chakraborty (Asst. Teacher)	—	B.Sc. (Bio)

OUR PRIMARY FACULTIES

1. Sanat Kumar Paul (Teacher-in-charge)	—	H.S. I.T.I (Basic)
2. Karabi Sana (Asst. Teacher-in-charge)	—	B.A. Hons (Bengali), D.El.Ed.
3. Moulina Patro (Asst. Teacher)	—	B.A. Hons (Bengali), B.Ed.
4. Rozina Khatun (Asst. Teacher)	—	B.A. Hons. (English)
5. Mampi Mullick (Asst. Teacher)	—	B.A. Hons. (Bengali)
6. Nasrin Banu (Asst. Teacher)	—	B.A.
7. Nazira Nasrin (Asst. Teacher)	—	(Intermediate, Hydrabad)
8. Kartik Maji (Asst. Drawing Teacher)	—	H.S. (Drawing Diploma 6 yrs)
9. Konika kanji (Asst. Teacher)	—	B.A., B.Ed. (Pursuing)

NON TEACHING STAFF

1. Shikha Dhuli (Servitor)
2. Kamala Bhowmic (Cook)
3. Monoranjan Adhikary (Security)
4. Recruitment for the clerk position is underway.
5. Josoda Bhowmick (Matron)

"ভালো মানুষ গড়ে তোলাই সুন্দর সমাজে গঠনের প্রথম ও প্রধান শর্ত"

Respected Group of Advisor :

1. Proff. Amjad Hossain Saheb – Matha Bhanga College, Ex HOD - History, Panskura Banamali College.
2. Respected Tausif Mollah — Teacher, Birshibpur Primary School
3. Respected Md. Mohasin — Reporter - Ei Samay, Ex Reporter - All India Radio
4. Moinuddin Mollah — Reporter - Daily Kolam
5. Respected — Julfikar Mallah Saheb, Teacher



ভর্তি সংক্রান্ত নির্দেশিকা

১) অনলাইন ও অফলাইনে ফর্ম ফিলাপ করা যাবে। ফর্ম সহ প্রসপেক্টাস সংগ্রাহক বিনিময় মাত্র ১০০ (একশ) টাকা মাত্র।

২) উক্ত ফর্ম প্লে হাউস থেকে নবম শ্রেণী পর্যন্ত যেকোন শ্রেণীতে ভর্তির জন্য পূরণ করা যাবে।

৩) পরিস্কার বড় অক্ষরে ইংরাজীতে ফর্ম পূরণ করতে হবে।

৪) ফর্মের সঙ্গে এক কপি ফটো ফর্মের নির্দিষ্ট স্থানে লাগাতে হবে।

৫) ভর্তির সময় ঃ-

(ক) ৩ (তিন) কপি ফটো যার পিছনে Admission Form No. লিখে জমা দিতে হবে।

(খ) ফর্মের সঙ্গে ছাত্র/ছাত্রীর Aadhaar কার্ড সহ পিতামাতার Aadhaar কার্ডের প্রত্যায়িত কপি জমা দেওয়া আবশ্যক।

(গ) Cast Certificate (যদি থাকে) এর প্রত্যায়িত কপি জমা দেওয়া আবশ্যক।

(ঘ) পূর্বের বিদ্যালয় কর্তৃক TC এবং Progress Report এর আসল কপি জমা দিতে হবে।

৬) ফর্ম দেওয়া শুরু ৫ই অক্টোবর ২০২৬ -স্কুল অফিস থেকে, এছাড়াও উল্লেখিত বিভিন্ন প্রাপ্তিস্থান থেকে।

৭) প্রবেশিকা পরীক্ষা ৮ই নভেম্বর (২০২৬) রবিবার বেলা ১১টায়।

৮) ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ৬ই নভেম্বর শুক্রবার।

৯) এডমিট কার্ড প্রদান ৭ই নভেম্বর বেলা ১০টা থেকে। - অন লাইনে সরাসরি প্রাপ্তি।

১০) ২০২৬ শিক্ষাবর্ষে ক্লাস শুরু ৫ই জানুয়ারী (২০২৬) সোমবার থেকে।

১১) পরীক্ষার বিষয় ঃ

(ক) দ্বিতীয় থেকে পঞ্চম - বাংলা, ইংরাজী, গনিত, সাধারণ জ্ঞান - পূর্ণমান-৫০, সময় ১ ঘন্টা।

(খ) ষষ্ঠ ও সপ্তম - বাংলা, ইংরাজী, গনিত, পরিবেশ ও সাধারণ জ্ঞান - পূর্ণমান-১০০, সময় ২ঘন্টা।

(গ) অষ্টম ও নবম - বাংলা, ইংরাজী, গণিত, সমাজ বিজ্ঞান, বিজ্ঞান ও সাধারণ জ্ঞান - পূর্ণমান-১০০, সময় ২ঘন্টা।

১২) প্রবেশিকা পরীক্ষার ফলপ্রকাশ ১৬ নভেম্বর ২০২৬, সোমবার।

১৩) কাউন্সিলিং ও ভর্তি শুরু ১৭ নভেম্বর ২০২৬, মঙ্গলবার থেকে।

“শিক্ষায় পৃথিবীকে পরিবর্তন করার সব চেয়ে শক্তিশালী অস্ত্র” — নেলসন ম্যাণ্ডেলা